

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫৯৬.২০১৭-২৭২

তারিখঃ ২৫ মাঘ ১৪২৪
০৫ ফেব্রুয়ারি ২০১৮

বিষয় : রীট পিটিশন নং-১৮৯২৬/২০১৭, [পিটিশনার জনাব মোঃ শহিদুল মাঝি, পিতা-মৃত-সুলতান মাঝি, গ্রাম-চর মাইসাদী, থানা ও জেলা- পটুয়াখালী - বনাম - সরকার ও অন্যান্য] এর অনুচ্ছেদওয়ারী ঘটনা বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ১০.০১.২০১৮ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ২৮.১২.২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী সদর উপজেলাধীন কমলাপুর ইউনিয়ন বিভক্ত করে নবগঠিত ভুরিয়া ইউনিয়ন গঠনের আদেশকে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৪ জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ তর্কিত ইউনিয়ন বিভক্তিকরণ এর নিমিত্ত জারীকৃত গেজেট নোটিফিকেশন নং-২০০: তারিখ: ০৬.৩.২০১৩ এবং ২০১; তারিখ: ০৬.৩.২০১৩ কেন বে-আইনী ঘোষণা করা হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত রুল ইস্যুপূর্বক সচিব মহোদয়সহ প্রতিপক্ষগণকে জবাব দাখিলের জন্য আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত প্রজ্ঞাপনটি আদেশের তারিখ থেকে পরবর্তী ৩ (তিন) মাসের জন্য স্থগিত করেছেন। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২ : এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত ৩ কলের কপি।



(ড. সৈয়দা নওশীন পর্নিশী)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

জেলা প্রশাসক

পটুয়াখালী

সদয় অবগত/ কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক (ইউনিয়ন পরিষদ), স্থানীয় সরকার বিভাগ।
২. জেলা প্রশাসক (সহকারী সচিব), স্থানীয় সরকার বিভাগ।
৩. জেলা প্রশাসক (সহকারী সচিব), স্থানীয় সরকার বিভাগ।
৪. জেলা প্রশাসক (সহকারী সচিব), স্থানীয় সরকার বিভাগ।
৫. জেলা প্রশাসক (সহকারী সচিব), স্থানীয় সরকার বিভাগ।
৬. জেলা প্রশাসক (সহকারী সচিব), স্থানীয় সরকার বিভাগ।
৭. জেলা প্রশাসক (সহকারী সচিব), স্থানীয় সরকার বিভাগ।
৮. জেলা প্রশাসক (সহকারী সচিব), স্থানীয় সরকার বিভাগ।
৯. জেলা প্রশাসক (সহকারী সচিব), স্থানীয় সরকার বিভাগ।
১০. জেলা প্রশাসক (সহকারী সচিব), স্থানীয় সরকার বিভাগ।